

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৭

(০১ মার্চ ২০২৫ হতে ১৫ মার্চ ২০২৫)

১। ১০/০৩/২০২৫ তারিখে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় কারাগারের বর্তমান পরিস্থিতি নিয়ে কারা অধিদপ্তর, ঢাকায় সংবাদ সম্মেলন করেন। উক্ত সংবাদ সম্মেলনে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করণসহ যে কোন দুর্নীতি/অনিয়ম রোধে কঠোর পদক্ষেপের বিষয় তুলে ধরেন।



২। ১০/০৩/২০২৫ তারিখে প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহীতে চলমান ১৪ তম ব্যাচ ডেপুটি জেলার বুনয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৪ এবং ৬২ তম ব্যাচ কারারক্ষী ও মহিলা কারারক্ষী বুনয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৪ এ প্রশিক্ষণার্থীদের মাঝে ট্রাকসুট, ট্রাউজার ও কেডস বিতরণ করা হয়েছে। পর্যায়ক্রমে সকল কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ট্রাকসুট, ট্রাউজার ও কেডস বিতরণ করা হবে।



৩। কারা অধিদপ্তর, ঢাকার অধীনে কারা প্রশিক্ষণ ইনস্টিটিউটে ০৬/০৩/২০২৪ তারিখে তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ-২ ও ১১/০৩/২০২৫ তারিখে ডি-নথী বিষয়ক প্রশিক্ষণ-২ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি পাবে।



প্রকাশনায়: প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট।

৪। ১৮তম ব্যাচ পিআইইউ বুনয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৫ এ গত ১৬/০২/২০২৫ তারিখ হতে ১২/০৩/২০২৫ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণ শেষে ১৩/০৩/২০২৫ তারিখ সমাপনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ প্রদান করেন। সেইসাথে নতুন পিআইইউ প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন।



৫। মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ডিওবল ও থ্রোবল প্রতিযোগিতায় বাংলাদেশ জেল চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে এবং ৪৮তম এ্যাথলেটিক্স খেলায় এককভাবে ০১টি রৌপ্য ও ০১টি ব্রোঞ্জ অর্জন করায় কারা মহাপরিদর্শক মহোদয় সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জ্ঞাপনসহ ভবিষ্যতে আরো ভাল ফলাফল প্রত্যাশা করেছেন।



৬। দর্শনার্থী সাক্ষাতের অবৈধ টাকা লেনদেনের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ৩২৮৯৯ মোঃ শরিফুল ইসলাম ও পটুয়াখালী জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ০৫১১১ মোঃ জাহিদুল ইসলামকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৭। কারারক্ষী নং ০৬২১৭ মাহিন মৌলভীবাজার জেলা কারাগারে কর্মরত এর বিরুদ্ধে জনৈক নারী কর্তৃক দায়রা জজ আদালত সিলেট নারী ও শিশু নির্যাতন আইনে মামলায় ২০/০২/২০২৫ তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট আন্তরীন হন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে কারা উপ-মহাপরিদর্শক সিলেট বিভাগ, সিলেট এর লিখিত আদেশে ১২/০৩/২০২৫ তারিখে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হয়।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল